**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.mymensingh.gov.bd

নম্বর: ০৫.৪৫.৬১০০.০০০.০১০.৯৯.০০০২.২৫.৮২০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩২ / ১৩ আগস্ট ২০২৫

**অফিস আদেশ**

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষা আগামী ২৪/০৮/২০২৫ তারিখ হতে ১৫/১০/২০২৫ তারিখ পর্যন্ত দুপুর ০১:৩০ ঘটিকা হতে ময়মনসিংহ জেলা সদরের ১। আনন্দ মোহন কলেজ ২। মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ৩। নাসিরাবাদ কলেজ এবং ৪। সরকারি টি টি কলেজ (পুরুষ), ময়মনসিংহ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

যেহেতু পরীক্ষা চলাকালীন সময়ে অযাচিত সমাবেশ ও শান্তি ভঙ্গের আশংকা আছে, সেহেতু সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা পরিচালনার প্রয়োজনে ১৮৯৮ সালের ফৌজদারি কার্যবিধির ১৪৪(১)ধারা মতে আমার উপর অর্পিত ক্ষমতা বলে আমি মুফিদুল আলম, জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ নিম্নলিখিত আদেশ প্রদান করলাম।

(ক) উপরোক্ত পরীক্ষা কেন্দ্রসমূহের ০.১৮২ কিলোমিটারের (২০০ গজ) মধ্যে পরীক্ষার দিন সকাল ০৮:০০ ঘটিকা হতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট পরীক্ষার্থী ব্যতিত অন্য কেউ প্রবেশ করতে পারবেন না;

(খ) পরীক্ষার দিনে সকাল ০৮:০০টা হতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষার কেন্দ্র ও হলসমূহের ০.১৮২ কিলোমিটারের (২০০ গজ) এর মধ্যে ০৫ (পাঁচ) বা ততোধিক ব্যক্তি একত্রে সমাবেশ করতে পারবেন না;

(গ) পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্রের ০.১৮২ কিলোমিটার (২০০ গজ) এর মধ্যে কেউ কোন প্রকার এমপ্লিফায়ার বা মাইক ব্যবহার কিংবা পরীক্ষার সাথে জড়িত কোন ব্যক্তিকে ভয়ভীতি বা হুমকি প্রদর্শন করতে পারবে না;

(ঘ) পরীক্ষার সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারি ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনে নিয়োজিত ব্যক্তিবর্গের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না;

(ঙ) পরীক্ষার কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে পরীক্ষা শুরু হওয়ার ১ ঘন্টা পূর্ব হতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ থাকবে।

এ আদেশ আগামী ২৪ আগস্ট ২০২৫ তারিখ হতে ১৫ অক্টোবর ২০২৫ তারিখ পরীক্ষা চলাকালীন সময় পর্যন্ত বলবৎ থাকবে।

আমার স্বাক্ষরে ও এই আদালতের সীল মোহরে ২০২৫ সালের ০৮ মাসের ..১৩.. তারিখে এ আদেশ দেয়া হলো।

১৩.৮.২৫
(মুফিদুল আলম)
জেলা ম্যাজিস্ট্রেট
ময়মনসিংহ
ফোন: +৮৮০২৯৯৬৬৫৭৭৭ (অফিস)
E-mail: dcmymensingh@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৫.৬১০০.০০০.০১০.৯৯.০০০২.২৫.৮২০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩২ / ১৩ আগস্ট ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
২) পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ময়মনসিংহ
৩) উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ
৪) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ (সার্বিক)/(রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ
৫) অধ্যক্ষ, ..........................................................................., ময়মনসিংহ
৬) সিনিয়র তথ্য অফিসার, ময়মনসিংহ (উক্ত বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট এলাকায় বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
৭) অফিস কপি

১৩.৮.২৫
জেলা ম্যাজিস্ট্রেট
ময়মনসিংহ

CamScanner